দৈনিক বাংলা

ডকুমেন্টেশন কেন্দ্র



তারিখ ... ... 1|2|85 ...
পৃষ্ঠা ... ... 3 ... কলাম 2 ...

# কাজী জাফর ও শেখ শহীদ সকাশে প্রাথমিক শিক্ষক প্রতিনিধিদল

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদের নেতৃত্বে সমিতির এক প্রতিনিধিদল মঙ্গলবার উপপ্রধান মন্ত্রী ও প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমদ ও শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামের সঙ্গে সাক্ষাৎ করেন। তাঁরা তাদের বিভিন্ন সমস্যা নিয়ে আলাপ-আলোচনা করেন।

উপ-প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রী প্রতিনিধিদলকে বলেন, পাকশী মহা সমাবেশে প্রেসিডেন্ট এরশাদের প্রদত্ত প্রতিশ্রুতিসমূহ অবিলম্বে কার্যকর করা হবে এবং অন্যান্য সমস্যা পর্যায়ক্রমে সমাধান করা হবে।

প্রতিনিধিদল শিক্ষামন্ত্রীর কাছে একটি স্মারকলিপিও পেশ করেন।